

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের তালা অচল করে দিল ছাত্রদল

প্রতিনিধি, জাবি

: রোববার, ০৫ নভেম্বর ২০২৩



বিএনপির ডাকা দেশব্যাপী দ্বিতীয় দফার দুই দিনের অবরোধ কর্মসূচির সমর্থনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) চারটি অনুষদের ফটকের তালায় সুপার গ্লু দিয়ে অচল করে দিয়েছেন ছাত্রদল নেতাকর্মীরা।

আজ রোববার (৫ নভেম্বর) সকাল সাতটার দিকে ছাত্রদলের নেতাকর্মীরা এ অপকর্ম চালায়। পরে সকাল আটটার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রক্টোরিয়াল বডির সদস্যদের উপস্থিতিতে তালা ভাঙা হয়।

বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ, পুরাতন কলা ভবন, জীববিজ্ঞান অনুষদ, বঙ্গবন্ধু ও তুলনামূলক সাহিত্য অনুষদের ফটকের তালা অচল করে দেওয়া হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাহির উদ্দিন মোহাম্মদ বাবরের নেতৃত্বে এ কর্মসূচি পালিত হয়।

এ সময় শাখা ছাত্রদল নেতা মাজহারুল আমিন তমাল, সালমান আহম্মেদ, মিজানুর রহমান, মেহেদী হাসানসহ ৭-৮ জন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাহির উদ্দিন মোহাম্মদ বাবর বলেন, ‘আমরা বর্তমানে সরকারের পদত্যাগের এক দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছি। আমাদের দাবি আদায় না হওয়া পর্যন্ত আমরা আমাদের শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাব।’

অপরদিকে ছাত্রদল বিশ্ববিদ্যালয় পরিস্থিতি অস্থিতিশীল করতে চায় দাবি করে শাখা ছাত্রলীগের কর্মসংস্থানবিষয়ক সম্পাদক সোহেল রানা বলেন, ‘আমরা সকালে খবর পেয়ে ঘটনাস্থলে যাই। তবে ছাত্রদলের কাউকে সেখানে দেখতে পাইনি। পরবর্তীতে তালিকাগুলো ভেঙে ফেলেছি। ছাত্রদলের সন্ত্রাসীরা এসব কর্মকাণ্ড করে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক পড়াশোনার পরিবেশ নষ্ট করতে চায়। তারা যেনো তাদের এসব সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়ে যেতে না পারে; এ বিষয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ সদা তৎপর রয়েছে।’

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা কর্মকর্তা জেফরুল হাসান চৌধুরী সজল বলেন, ‘সকালে ব্যবসায় শিক্ষা অনুষদ ভবনের তালিকা চাবি প্রবেশ করানো যাচ্ছিলো না। সুপার গ্লু দিয়ে তালিকাগুলো অচল করা হয়েছে। বাধ্য হয়ে সেগুলো ভেঙে ফেলতে হয়েছে। অন্যান্য অনুষদ গুলোর বিষয়ে আমার জানা নেই। তবে কে বা কারা এ কাজ করেছে সেটি নিশ্চিত নই।’